

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬. আযান ও ইকামাতের মাঝে কী পরিমাণ সময় ব্যবধান থাকা উচিত?

এ ব্যাপারে সরাসরি কোন হাদীস নেই। তবে এ সময়ের মধ্যে যেন ওযু-ইস্কিঞ্জা করা যায়, কিছু না কিছু সুন্নাত সালাত আদায় করতে পারে- এ পরিমাণ সময় ব্যবধান রাখা উচিত। এমনকি মাগরিবের সালাতেও। কেননা, রাসূলুল্লাহ (স)-এর যামানায় সাহাবায়ে কিরাম মাগরিবের আযানের পর এবং ইকামাতের আগে দু'রাকআত সুন্নাত সালাত আদায় করতেন। (বুখারী: ৬২৭)। তাছাড়া ইকামাত ও জামাত শুরুর মধ্যেও সামান্য সময় ব্যবধানে কোন অসুবিধা নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12899

🚨 হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন